দৈনিক ইত্তেফাক

৫৫

তারিখ ... JAN. 25..1999 ... ..
পৃষ্ঠা ২৫ কলাম ৬ ......

## বই মেলা ঃ আজ সাংবাদিক প্রতিনিধিদল কলিকাতা যাইতেছে

**ইত্তেফাক রিপোর্ট ॥** কলিকাতা বই মেলা ১৯৯৯-এ অংশগ্রহণের জন্য বাংলাদেশ হইতে ৫৫ জনের এক সাংবাদিক প্রতিনিধিদল আজ (সোমবার) কলিকাতা রওয়ানা হইবেন। সড়ক পথে যাওয়ার জন্য পররাষ্ট্র মন্ত্রণালয় বাসের ব্যবস্থা করিয়াছে।

সাংবাদিক প্রতিনিধিদল ৪ দিন কলিকাতায় অবস্থানশেষে আগামী ২৯শে জানুয়ারী ঢাকা প্রত্যাবর্তন করিবেন। দেশের বিভিন্ন পত্রিকার এই ৫৫ জন সমন্বয়ে গঠিত সাংবাদিক প্রতিনিধিদলের নেতৃত্ব করিতেছেন দৈনিক ইত্তেফাকের জাহিদুজ্জামান ফারুক, ডেপুটি নেতা হিসাবে প্রতিনিধি দলে রহিয়াছেন দৈনিক ইন্ডিপেন্ডেন্ট-এর আব্দুর রহমান খান ও ইউএনবি'র রাশেদ চৌধুরী।

আজ সকালে কলিকাতা রওয়ানার প্রাক্কালে পররাষ্ট্র প্রতিমন্ত্রী আবুল হাসান চৌধুরী সাংবাদিকদের সহিত শুভেচ্ছা বিনিময় করিবেন। সংস্কৃতি প্রতিমন্ত্রী ওবায়দুল কাদেরও আজ কলিকাতা গমন করিবেন।